

Total No. of Printed Pages—7

**HS/XII/A. Sc. Com/B/18**

**2 0 1 8**

**BENGALI**

**( Modern Indian Language )**

*Full Marks : 100*

*Time : 3 hours*

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions :*

- (i) Write all the answers in the Answer Script.
- (ii) Attempt all parts of a question together at one place.

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূরণ কর  
(যে-কোন পাঁচটি) : ১×৫=৫

(ক) বঙ্কিমচন্দ্রের মতে লেখার উদ্দেশ্য \_\_\_\_\_ বুঝান।  
( ছাত্রকে / পাঠককে / প্রকাশককে )

(খ) \_\_\_\_\_ বাঙ্গালার ভরসা।  
( বাঙ্গালা সাহিত্য / হিন্দী সাহিত্য / ইংরাজী সাহিত্য )

(গ) বলাই তার কাকির কাছে শিমুল গাছের একটা \_\_\_\_\_ পাঠাতে  
আবেদন করেছিল।  
( পাতা / ফুল / ফোটোগ্রাফ )

(ঘ) বলাইকে তার বাবা বিলাতি কায়দায় শিক্ষা দেবেন বলে প্রথমে নিয়ে  
গেলেন \_\_\_\_\_।  
( দার্জিলিঙে / সিমলায় / শিলঙে )

( 2 )

- (ঙ) চলিয়ে মাঙ্গজি, \_\_\_\_\_ প্যাসেঞ্জার আ গিয়া ।  
( গয়া / বেনারস / কাশী )
- (চ) এক \_\_\_\_\_ যাত্রী বৃদ্ধার গায়ে প্রায় পদাঘাত করিয়াই ভিতরে প্রবেশ করিলেন ।  
( পাঞ্জাবী / বিহারী / মারোয়াড়ি )
- (ছ) ঐ \_\_\_\_\_ কে বলো না আমার ঐ গাছগুলো যেন না কাটে ।  
( কাঠুরিয়া / ঘাসিয়াড়া / বনকর্মী )

২। দু-একটি শব্দে যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

- (ক) “যোগাতেন আনি নিত্য ফল মূল বীর সৌমিত্রি ।”  
‘সৌমিত্রি’ বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (খ) “হিতৈষিণী সীতার পরমা তুমি, সখি”  
এখানে সখির নাম কী ?
- (গ) “একদিন শেষে ফিরিবারে দেশে বড়োই বাসনা হল ।”  
কার বাসনার কথা বলা হয়েছে ?
- (ঘ) “একুশের প্রথম প্রভাতফেরি—অলৌকিক ভোর ।”  
কোন কবিতার অংশ এটি ?
- (ঙ) “বেটা সাধুবেশে পাকা চোর অতিশয়”  
এই কথাটি কে বলেছে ?
- (চ) “হাসিতেন প্রভু,  
বনদেবী বলি মোরে সপ্তাষি কৌতুকে ।”  
প্রভু কে ?

( 3 )

৩। দু-একটি শব্দে যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

- (ক) “বিজয়! এখানে থাকিও—আমি আসিতেছি—কোন শব্দ করিও না।” বিজয় কে?
- (খ) ‘রাজসিংহ’ গদ্যাংশের তৃতীয় পরিচ্ছেদের নাম কী?
- (গ) চঞ্চলকুমারীর পিতার নাম কী?
- (ঘ) “নির্মলকে দেখিয়া চঞ্চল চিত্রখানি উল্টাইয়া রাখিলেন।” কার চিত্র ছিল সেটি?
- (ঙ) মানিকলালের কন্যার বয়স কত ছিল?

৪। যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

- (ক) “টাকার জন্য লিখিবেন না।” প্রাবন্ধিক কেন একথা বলেছেন?
- (খ) “গাছটাকে প্রতিদিনই দেখাচ্ছে নিতান্ত নির্বোধের মতো।” কোন্ গল্পের অংশ এটি? কোন্ গাছের কথা বলা হয়েছে?
- (গ) “আমি ধর্ম বিক্রি করি না।” বক্তা কে? কোন্ গল্পের অংশ এটি?
- (ঘ) ‘দুধের দাম’ গল্পের বৃদ্ধা কোন্ ইন্ধুলে লেখাপড়া করেছিলেন? তিনি কোন্ কোন্ ভাষা জানতেন?
- (ঙ) “এতদিনে এইসব চিহ্নকে ছাড়িয়ে গিয়ে বলাই বড়ো হয়ে উঠেছে।” কোন্ কোন্ চিহ্নের কথা বলা হয়েছে?

৫। যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও :

২×৫=১০

- (ক) “আমি তাকে রাখিয়া মরিতে পারিতেছি না।” বক্তা কে?  
‘তাকে’ বলতে কার কথা বলা হয়েছে?
- (খ) “অনন্ত মিশ্র দেখিলেন, এই ব্যক্তি যুদ্ধ ব্যবসায়ী বটে।” কি দেখে  
বুঝলেন ঐ ব্যক্তি যুদ্ধ ব্যবসায়ী?
- (গ) “তুই মরিতে এত ভীত কেন?” কে, কাকে একথা জিজ্ঞাসা  
করেছিলেন?
- (ঘ) “একুশের প্রথম প্রভাতফেরি”—একুশের প্রভাতফেরির কারণ কী?
- (ঙ) “একে একে মনে উদিল স্মরণে বালক কালের কথা”—এখানে  
বালক কালের কোন্ স্মৃতির কথা বলা হয়েছে?
- (চ) ‘সীতা ও সরমা’ কবিতায় কোন্ কোন্ পশু-পাখির নাম পাওয়া  
যায়?
- (ছ) “হেরি তব অশ্রু-বারি ইচ্ছি মরিবারে।”  
বক্তা কে? ‘অশ্রু’ শব্দের অর্থ কী?

৬। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

৪

- (ক) “আমার মজুরী আট আনা, দু’টাকা দিচ্ছেন কেন?” এই উক্তির  
মধ্য দিয়ে ‘দুধের দাম’ গল্পের কুলির চরিত্র আলোচনা কর।
- (খ) “ওগো শুনছ, একজন ফোটোগ্রাফওয়াল ডেকে আনো।”  
বলাই-এর কাকি কেন ফোটোগ্রাফার ডাকার কথা বলেছিল?
- (গ) বঙ্কিমচন্দ্র সাময়িক সাহিত্যের ক্ষেত্রে কোন্ কোন্ নিয়ম রক্ষিত না  
হওয়ার কথা ‘বান্দালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ প্রবন্ধে  
উল্লেখ করেছেন?

( 5 )

- ৭। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৮
- (ক) ‘রাজসিংহ’ উপন্যাসে তোমার পঠিত অংশ অবলম্বনে রাজসিংহের চরিত্র আলোচনা কর।
- (খ) নির্মলকুমারীর সংক্ষিপ্ত পরিচয় দাও। তার সঙ্গে চঞ্চলকুমারীর যে কথোপকথন হয়েছিল তা তোমার নিজের ভাষায় লেখ।
- (গ) ‘রাজসিংহ’ উপন্যাসে তোমার পাঠ্য অংশ অবলম্বনে চঞ্চলকুমারী যে পত্র লিখেছিলেন তার বিষয়বস্তু তোমার নিজের ভাষায় লেখ।
- ৮। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১০
- (ক) “বাংলা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত চেনা ছবি।” এই চেনা ছবিগুলির পরিচয় দাও।
- (খ) ‘দুই বিঘা জমি’ কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখ।
- (গ) “পূর্ব কথা শুনিবারে যদি ইচ্ছা তব,  
কহি আমি ...”  
বক্তা কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন? তোমার পাঠ্য কাব্যংশ অবলম্বনে সীতা ও সরমার মধ্যে যে কথাবার্তা হয়েছিল তা আলোচনা কর।
- ৯। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১০
- (ক) ‘দুধের দাম’ গল্পের নামকরণের সার্থকতা বিচার কর। ১০
- (খ) ‘বলাই’ গল্পের বিষয়বস্তু নিজের ভাষায় লেখ। ১০
- (গ) নব্য লেখকদের জন্য বঙ্কিমচন্দ্র যা যা পরামর্শ দিয়েছেন, সেগুলি আলোচনা কর। সেগুলি তোমার মতে কতখানি যুক্তিযুক্ত? ৬+৪=১০

১০। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন তিনটি) : ২×৩=৬

স্বরসঙ্গতি; স্বরভক্তি; অপিনিহিতি; অভিশ্রুতি; সমীভবন।

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে তা লেখ  
(যে-কোন একটি) :

মোচ্ছব; বিলিতি; রিস্কা।

(খ) নীচের পংক্তিটির অলঙ্কার নির্ণয় কর :

“খাড়া আছি সারাদিন হুঁশিয়ারি পাহারা,  
দেখে নেব রোজ রোজ খেয়ে যায় কাহারা।”

১২। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন দুটি) : ৩×২=৬

উপমা; শ্লেষ; অনুপ্রাস; সমাসোক্তি।

১৩। বঙ্গানুবাদ কর (যে-কোন চারটি) : ২×৪=৮

(ক) Long long ago there lived a great musician  
named Orpheus.

(খ) It is impossible to describe the beauty of the  
Taj Mahal in words.

(গ) Satyajit Ray was a famous and successful  
film director.

(ঘ) Student life is the stage of preparation for  
future.

( 7 )

(ঙ) Raja Rammohan Roy was the main person of Renaissance.

(চ) Jagadish Chandra Bose showed that there is no difference between the life of plants and animals.

১৪। নীচের অনুচ্ছেদটির সারমর্ম লেখ :

৮

নিন্দা না থাকিলে পৃথিবীতে জীবনের গৌরব কি থাকিত? একটা ভালো কাজে হাত দিলাম, তাহার নিন্দা কেহ করে না—সে ভালো কাজের দাম কি? একটা ভালো কিছু লিখিলাম, তাহার নিন্দুক কেহ নাই—ভালো গ্রন্থের পক্ষে এমন মর্মান্তিক অনাদর কি হইতে পারে? জীবনকে ধর্মচর্চায় উৎসর্গ করিলাম, যদি কোন মন্দলোক তাহার মধ্যে মন্দ অভিপ্রায় না দেখিল, তবে সাধুতা যে নিতান্তই সহজ হইয়া পড়িল। মহত্বকে পদে পদে নিন্দার কাঁটা মাড়িয়া চলিতে হয়। ইহাতে যে হার মানে, বীরের সদগতি সে লাভ করে না। পৃথিবীতে নিন্দা দোষীকে সংশোধন করিবার জন্য আছে তাহা নহে, মহত্বকে গৌরব দেওয়া তাহার একটা মস্ত কাজ।

১৫। নীচের যে-কোন একটি বিষয় অবলম্বনে একটি প্রবন্ধ রচনা কর :

১০

- (ক) প্রতিদিনের জীবনে বিজ্ঞান
- (খ) মোবাইল ফোনের সুবিধা ও অসুবিধা
- (গ) মাতৃভাষা শিক্ষার প্রয়োজনীয়তা
- (ঘ) তোমার জীবনের স্মরণীয় ঘটনা

\*\*\*